# Times Today BD

শরিফুল ইসলাম | দেশজুড়ে | 19 April, 2025

গাজীপুর সাফারী পার্কের লামচিতা বেষ্টনী-১ এর নেট কেটে চুরি যাওয়া তিনটি  আফ্রিকান প্রাণী রিংটেইল লেমুরের মধ্যে একটি রাজধানীর শ্যামবাজার থেকে উদ্ধার করেছে পুলিশ।এঘটনায় একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

শনিবার (১৯ এপ্রিল) সন্ধ্যায় এ তথ্য নিশ্চিত করেছে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা দীপংকর বর।

তিনি বলেন, গাজীপুর সাফারী পার্ক থেকে চুরি যাওয়া তিনটি আফ্রিকান প্রাণী লেমুরের মধ্যে রাজধানীর শ্যামবাজার মসজিদ পাশ থেকে একটি উদ্ধার করা হয়েছে।বাকী দুটি উদ্ধারে অভিযান পরিচালনা করা হচ্ছে।

গ্রেফতার মো: দেলোয়ার হোসেন তওসীফ শেরপুর জেলার শেরপুর সদর থানার চরখারচর সাতানীপাড়া গ্রামের তোফাজ্জল হোসেনের ছেলে। জামালপুর থেকে আটকের পর তার দেয়া তথ্যের ভিত্তিতে শুক্রবার রাত ১১টায় রাজধানীর শ্যামবাজার থেকে একটি পুরুষ লেমুর উদ্ধার করা হয়েছে।

জানা যায়, গত ২৩ মার্চ গাজীপুর সাফারী পার্কের লামচিতা বেষ্টনী-১ এর নেট কেটে দুইটি পুরুষ ও একটি স্ত্রী রিংটেইল লেমুর চুরির ঘটনা ঘটে।প্রাণীগুলো আন্তর্জাতিক ভাবে বিপন্ন প্রজাতির।এঘটনায় ৭ এপ্রিল গাজীপুরের শ্রীপুর থানায় মামলা দায়ের করা হয়।এঘটনার পরপরই বিষয়টি অধিক গুরুত্বে  সাথে নিয়ে ও বন ও পরিবেশ মন্ত্রণালয়ের অনুরোধে পুলিশের উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক ঢাকা মেট্রোপলিটন পুলিশ চুরি হওয়া তিনটি রিংটেইল লেমুর উদ্ধারে কাজ শুরু করে।বিভিন্ন তথ্য উপাত্তের সহযোগিতায় গত ১৮ এপ্রিল জামালপুরের সদর থানার ৯নং রানাগাছা ইউনিয়নের দড়িহামিপুর আকন্দ বাড়িতে অভিযান পরিচালনা করে।এসময় ঘটনার সাথে জড়িত মো: দেলোয়ার হোসেন তওসীফকে আটক জিজ্ঞাসাবাদ করা হয়।আটক ব্যক্তি দেয়া তথ্য মোতাবেক ১৮এপ্রিল রাত ১১টার দিকে রাজধানীর শ্যাবাজার মসজিদ সংলগ্ন এলাকায় একটি নির্জনস্থান থেকে খাঁচায় বন্দি অবস্থায় একটি পুরুষ রিংটেইল লেমুর উদ্ধার করা হয়।পরবর্তীতে বিষয়টি বন্যপ্রাণী অপরাধ দমনস ইউনিটকে অবগত করে ঢাকা মেট্রোপলিটন পুলিশ।বাকী দুটি রিংটেইল লেমুর উদ্ধার ও আসামীদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত আছে।

এবিষয়ে জানতে বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগের বিভাগীয় বন কর্মকর্তা শারমীন আক্তারের মুঠোফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হয়।তিনি তার রিসিভ না করায় তাঁর বক্তব্য নেয়া সম্ভব হয়নি।

গাজীপুর সাফারী পার্ক লেমুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 03:40

URL: https://timestodaybd.com/public/across-the-country/1084758589